

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯০(আগরতলা, ১২।১০)

সাবুম, ১২ অক্টোবর, ২০১৭

সাবুম দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনী

আজ সাবুম দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সাবুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রুমা মজুমদার (বসাক) প্রদীপ জ্বলে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ছাত্রীদের ৫৫টি বিজ্ঞান মডেল প্রদর্শনীতে তুলে ধরা হয়েছে। নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন ছাড়াও আলোচনা সভায় বক্তব্য রাখেন বিধায়ক রীতা কর (মজুমদার)। তিনি শিক্ষার্থীদের মানব কল্যাণে বিজ্ঞানের প্রয়োগ পদ্ধতি শিখিয়ে বিজ্ঞান মনস্ক সমাজ গড়ে তুলতে শিক্ষক ও অভিভাবকদের আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজীব বিশ্বাস। ছাত্রীদের মধ্যে বিজ্ঞান বিষয়ক কুইজ ও বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ছাত্রীদের লেখা বিজ্ঞান ম্যাগাজিন-সায়েন্স কর্ণারের আবেগ উন্মোচন করেন বিধায়ক। ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com